# রমাযানের ফাযায়েল ও রোযার মাসায়েল

বিভাগ/অধ্যায়ঃ অষ্টম অধ্যায়- রোযাদারের জন্য যা করা অপছন্দনীয়

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

রোযাদারের জন্য যা করা অপছন্দনীয়

উলামাগণ কিছু এমন বৈধ কর্ম করাকে রোযাদারের জন্য অপছন্দনীয় মনে করেন, যা করার ফলে তার রোযা নষ্ট হওয়ার আশঙ্কা থাকে। আর তা নিম্নরূপঃ-

1. মুখে থুথু জমা করে গিলে নেওয়া।
2. গয়ের বা শ্লেমা গিলা।
3. চুইংগাম জাতীয় কিছু চিবানো।
4. দাঁতের ফাঁকে লেগে থাকা খাবার পরি□কার না করা।
5. অপ্রয়োজনে খাবার চেখে দেখা। কারণ, তা গলার নিচে নেমে যাওয়ার আশঙ্কা আছে।
6. এমন জিনিস নাকে নিয়ে ঘ্রাণ নেওয়া (শোঁকা); যা রোযাদারের নিঃশবাসের সাথে গলার ভিতরে যেতে পারে।
7. স্ত্রীর সাথে এমন আচরণ করা, যা রোযাদারের যৌনক্ষুধা জাগ্রত করে। যেমন চুম্বন, কোলাকুলি, গলাগলি প্রভৃতি।
8. এমন কিছু করা, যাতে তার শরীর দুর্বল হয়ে যাবে এবং রোযা চালিয়ে যেতে কষ্ট হবে। যেমন দূষিত রক্ত বহিষ্করণ ও অধিক রক্তদান।
9. কুল্লি করা ও নাকে পানি নেওয়াতে অতিরঞ্জন করা।[1]
10. মাজন বা টুথ্ পেষ্ট্ দিয়ে দাঁত মাজা।

এ ছাড়া এমন কিছু কর্ম রয়েছে, যা করলে রোযাদারের রোযা অসম্পূর্ণ থেকে যায় এবং তার সওয়াবও কম হয়ে যায়। যেমন মিথ্যা কথা বলা, মিথ্যা সাক্ষ্য দেওয়া, গীবত করা, চুগলী করা, অনুরূপ প্রত্যেক সেই কথা বলা, যা শরীয়তঃ বলা নিষিদ্ধ। কারণ, প্রিয় নবী (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম) বলেন, ‘‘যে ব্যক্তি রোযা রেখে মিথ্যা কথা ও তার উপর আমল ত্যাগ করতে পারল না, সে ব্যক্তির পানাহার ত্যাগ করার মাঝে আল্লাহর কোন প্রয়োজন নেই।’’[2]

## ফুটনোট

[1] (দ্রঃ আহকামুস সাওমি অল-ই’তিকাফ, আবূ সারী মঃ আব্দুল হাদী ১৬২-১৬৩পৃঃ, তাযকীরু ইবাদির রাহমান, ফীমা অরাদা বিসিয়ামি শাহরি রামাযান ১৬-১৭পৃঃ)

[2] (বুখারী ৬০৫৭, ইবনে মাজাহ ১৬৮৯, আহমাদ, মুসনাদ ২/৪৫২, ৫০৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=4074

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন